



দ্বিতীয় দফায় স্ত্রী সারাকে ফের তালাক দিলেন আবু তুহা আদনান



ছবি: সংগৃহীত

আবারও বিচ্ছেদের পথে ইসলামি বক্তা আবু তুহা আদনান ও সারা। গত রমজানের চাঁদরাতে স্ত্রী সাবিকুল্লাহার সারাকে তালাক দিয়েছেন আলোচিত ইসলামি বক্তা আবু তুহা মুহাম্মদ আদনান। যদিও বিষয়টি এতদিন প্রকাশ্যে আসেনি। শনিবার (৯ মে) গণমাধ্যমের কাছে সারা নিজেই এ তথ্য নিশ্চিত করেন। জানা গেছে, গত বছরের ২ ডিসেম্বর দ্বিতীয়বারের মতো সংসার শুরু করেছিলেন আবু তুহা ও সারা। তবে চার মাস না পেরোতেই আবারও তাদের দাম্পত্য সম্পর্কের ইতি ঘটে। এর আগে ২০২৫ সালের ২১ অক্টোবর প্রথমবার বিচ্ছেদ হয়েছিল এই দম্পতির। পরে একই বছরের ২ ডিসেম্বর পুনরায় বিয়েবন্ধনে আবদ্ধ হন তারা। কিন্তু দ্বিতীয় দফার সেই সংসারও শেষ পর্যন্ত টেকেনি।

বিচ্ছেদের কারণ নিয়ে এখনো প্রকাশ্যে বিস্তারিত কিছু বলেননি আবু তুহা আদনান কিংবা সাবিকুল্লাহার সারা। তবে খবরটি সামনে আসার পর সামাজিক যোগাযোগমাধ্যমে নতুন করে আলোচনা শুরু হয়েছে।

এ বিষয়ে জানতে আবু তুহা আদনানের শ্যালক জাকারিয়ার সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তার ফোনে সাড়া পাওয়া যায়নি।

রংপুরের বাসিন্দা আবু তুহা আদনান দর্শন বিভাগে স্নাতক ও স্নাতকোত্তর সম্পন্ন করেছেন। বর্তমানে তিনি 'জিন নুরাইন' নামে একটি অনলাইন মাদ্রাসা পরিচালনা করছেন।

২০১৭ সালে ইউটিউবে ইসলামি আলোচনা প্রকাশের মাধ্যমে পরিচিতি পান আবু তুহা আদনান। কিয়ামতের আলামত, দাজ্জাল, সামাজিক সংকট ও দাম্পত্যজীবন নিয়ে তার বিভিন্ন বক্তব্য অনলাইনে ব্যাপক আলোচিত হয়েছে।